

তারিখঃ ২২-০৭-২০২৫ (পৃঃ ০৩)



ব্রিতে তারুণ্য উৎসবে বৃক্ষরোপণ ও চারা বিতরণে সবুজ ভবিষ্যতের প্রত্যয়

স্টাফ রিপোর্টার, গাজীপুর : “সবুজে থাকি, সবুজে বাঁচি, তারণেরই স্বপ্ন বুনি” এই অঙ্গীকারকে সামনে রেখে গাজীপুরস্থ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)-এর সদর দপ্তরে সোমবার (২১ জুলাই) অনুষ্ঠিত হলো ফলদ ও ঔষধি বৃক্ষের চারা রোপণ ও বিতরণ কর্মসূচি। তারুণ্য উৎসবের অংশ হিসেবে আয়োজিত এ কর্মসূচির মাধ্যমে তারুণ্যদের মধ্যে পরিবেশ সচেতনতা ও সবুজ অভিযাত্রার বার্তা ছড়িয়ে দেওয়া হয়। বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), ড. মুনুজান খানম। উদ্বোধনী বক্তব্যে তিনি বলেন, “জলবায়ু পরিবর্তনের কারণে পরিবেশে যে সংকট তৈরি হচ্ছে, তা থেকে উত্তরণে বৃক্ষরোপণ একটি সমরোপযোগী ও কার্যকর উদ্যোগ। বৃক্ষ শুধু সৌন্দর্য নয়, এটি

প্রয়োজন।” কর্মসূচিতে ব্রির বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শাখা প্রধান, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক প্রতিনিধি এবং ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয় ও বিআরআরআই উচ্চ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীদের মাঝে ফলদ ও ঔষধি চারা বিতরণ করা হয়, যা তারা নিজেদের আঙিনা, বিদ্যালয় বা পাড়া-মহল্লায় রোপণ করবেন। এই আয়োজনের মাধ্যমে ব্রি কেবল একটি প্রতিষ্ঠান হিসেবে নয়, বরং একটি সচেতন নাগরিক দায়িত্ব পালনকারী প্র্যাটফর্ম হিসেবেও নিজের অবস্থান সুদৃঢ় করেছে। সবুজ অভিযাত্রার এ প্রয়াস নতুন প্রজন্মকে পরিবেশবান্ধব ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তোলার পথকে আরও মজবুত করল।

পরিবেশ রক্ষায় সক্রিয় ভূমিকা রাখে কার্বন-ডাই-অক্সাইড শোষণ করে, অক্সিজেন সরবরাহ করে এবং জীববৈচিত্র্য রক্ষায় সহায়ক হয়।” তিনি আরও বলেন, “আমরা যদি সকলে মিলে এক একটি বৃক্ষ রোপণ করি, তবে তা ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করতে পারে। প্রকৃতি ও মানুষের টেকসই সহাবস্থানের জন্য এ ধরনের উদ্যোগকে নিয়মিত করে তোলা

প্রথম আন্দোলন

তারিখঃ ২২-০৭-২০২৫ (পৃঃ ০৬)

সংক্ষেপে

গাজীপুর

চারার বিতরণ

‘সবুজে থাকি, সবুজে বাঁচি, তারণেরই স্বপ্ন বুলি’ স্লোগানে তারুণ্য উৎসবের আয়োজনে তারুণদের মধ্যে বৃক্ষরোপণ ও চারা বিতরণ কর্মসূচির অংশ হিসেবে গতকাল সোমবার গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সদর দপ্তরে ফলদ ও ঔষধি বৃক্ষের চারা রোপণ ও বিতরণ করা হয়। ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মুন্সুজান খানম এ কর্মসূচির উদ্বোধন করেন। কর্মসূচিতে উপস্থিত ছিলেন ব্রির বিভাগীয় প্রধান, শাখাপ্রধান, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক প্রতিনিধিরা। ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়, বিআরআরআই উচ্চবিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে চারা বিতরণ করা হয়। মুন্সুজান খানম বলেন, ‘জলবায়ু পরিবর্তনের কারণে পরিবেশের ওপর যে বিরূপ প্রভাব পড়ছে, তা মোকাবিলায় বৃক্ষরোপণ এক কার্যকর উপায়। বৃক্ষ কার্বন ডাই-অক্সাইড শোষণ করে পরিবেশকে দূষণমুক্ত রাখতে সাহায্য করে। আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য পৃথিবী গড়ে তুলতে বৃক্ষরোপণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।’

প্রতিনিধি, গাজীপুর

বৃক্ষরোপণ ও বিতরণ

● গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) সদর দফতরে গতকাল সোমবার ফলদ ও ঔষধি বৃক্ষের চারা রোপণ ও বিতরণ করা হয়েছে। ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্সজান খানম এ কর্মসূচি উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ব্রির সব বিভাগীয় প্রধান, শাখা প্রধান, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক প্রতিনিধিসহ ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয় এবং ব্রি উচ্চবিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে চারা বিতরণ করা হয়।